ভোরের কাগজ

২০/৭/২০০৩

তারিখ ……
পৃষ্ঠা …… কলাম ……

# সংসদে সমবায় সমিতি ও শেরে ব
# কৃষি বিশ্ববিদ্যালয় বিল পাস

কাগজ প্রতিবেদক : জাতীয় সংসদের গতকালের বৈঠকে সমবায় সমিতি বিল
বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্দেশ্যে আনীত বিল পাস হয়েছে। এছাড়,
বৈঠকে দুটি স্থানীয় কমিটির রিপোর্ট এবং তিনটি বিলের ওপর পরীক্ষা-নিরীক্ষা শেষে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির রিপোর্ট উপস্থাপিত হয়েছে।

বিদ্যমান সমন্বয় অধ্যাদেশ বাতিল করে কিছু সংশোধনীসহ তা পুনরায় প্রণয়নের উদ্দেশ্যে আনীত বিলটি গতকালের বৈঠকে পাসের প্রস্তাব করেন পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী এডভোকেট রহমত আলী। জাপার সাংসদরা বিলের ওপর একাধিক সংশোধনী আনেন এবং বিলটির ওপর জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব করেন। তবে কণ্ঠভোটে তাদের সকল প্রস্তাব নাকচ হয়ে যায়। পরে বিলটি সর্বসম্মতভাবে পাস হয়।

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্দেশ্যে আনীত বিলটি পাসের জন্য গতকালের বৈঠকে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক প্রস্তাব করেন। তবে তার প্রস্তাব করার আগে এ বিলের ওপর জাপার সাংসদরা একাধিক সংশোধনী আনেন এবং বিলের ওপর জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব করেন। তবে কণ্ঠভোটে তাদের সকল প্রস্তাব নাকচ হয়ে যায়। পরে সর্বসম্মতভাবে বিলটি পাস হয়।

পাস হওয়া বিলের বিধান অনুযায়ী ঢাকার শেরে বাংলা নগরে বাংলাদেশ কৃষি ইনস্টিটিউটকে উন্নীত ও রূপান্তরক্রমে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে।

গতকালের বৈঠকে সপ্তম জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রতিবেদন উপস্থাপন করেন কমিটির সভাপতি অধ্যাপক আলী আশরাফ। চলতি সংসদের শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রতিবেদন উপস্থাপন করেন কমিটির সভাপতি দেওয়ান ফরিদ গাজী।

এছাড়া আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি দি বাংলাদেশ লজ (রেভিশন এন্ড ডিক্লারেশন, তৃতীয় সংশোধন বিল, দি সিভিল কোর্ট অর্ডিন্যান্স (সংশোধনী) বিল, দি সুপ্রিম কোর্ট (রেমিউনারেশন এন্ড প্রিভিলেজেস)